

10552 - ব্যক্তির উপর কখন তার পিতামাতার খরচ চালানো ওয়াজিব হয়ে যায়?

প্রশ্ন

ব্যক্তির উপর কখন তার পিতামাতার খরচ চালানো ওয়াজিব হয়ে যায়?

প্রিয় উত্তর

পিতামাতা ও সন্তানসন্ততির মত নিকটাত্মীয়দের জন্য খরচ চালানোর দলিল হচ্ছে- কিতাব, সুন্নাহ ও ইজমা।

কিতাবের দলিল হল আন্নাহর বাণী:

وَعَلَى الْمَوْلُودِ لَهُ رِزْقُهُنَّ وَكِسْوَتُهُنَّ بِالْمَعْرُوفِ ﴿[البقرة:233]﴾

(পিতার কর্তব্য যথাবিধি তাদের (মাতাদের) ভরণ-পোষণ করা)[সূরা বাক্বারা, আয়াত: ২৩৩]

এবং তাঁর বাণী:

وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا ﴿[الإسراء:23]﴾

(আর আপনার রব আদেশ দিয়েছেন তিনি ছাড়া অন্য কারো ইবাদাত না করতে ও পিতা-মাতার প্রতি সদ্ব্যবহার করতে।)[সূরা বনী ইসরাঈল, আয়াত:২৩] তাদের প্রতি সদ্ব্যবহার হলো তাদের প্রয়োজনের সময় তাদের জন্য ব্যয় করা।

ইজমা: ইবনুল মুনযির বলেন: আলেমগণ এই মর্মে একমত যে, দরিদ্র পিতামাতা যাদের কোন উপার্জন নেই, সম্পদও নেই; তাদের ভরণপোষণ সন্তানের সম্পদে ওয়াজিব।

ভরণপোষণ ওয়াজিব হওয়ার ক্ষেত্রে শর্ত হলো: খরচদাতা স্বচ্ছল হওয়া, খরচগ্রহীতারা অস্বচ্ছল হওয়া এবং তাদের ভরণপোষণের প্রয়োজন থাকা। এটি মোটের উপর আলেমদের মাঝে মতৈক্যপূর্ণ বিষয়।